কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৮১

তারিখ : ২৪ মাঘ ১৪২৯
০৭ ফেব্রুয়ারি ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০২২-২৩ অর্থ বছরে খরিপ/২০২৩-২৪ মৌসুমে পাট ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ বিতরণ কর্মসূচি বাবদ ৮১০.০০ লক্ষ (আট কোটি দশ লক্ষ) টাকার অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

২০২২-২৩ অর্থ বছরে খরিপ/২০২৩-২৪ মৌসুমে পাট বীজ উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে তোষা পাট বীজ উৎপাদন লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি ও বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩১৫০০.০০ লক্ষ (তিনশত পনের কোটি) টাকা হতে ৮০০.০০ লক্ষ (আট কোটি) টাকা এবং '৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) টাকা হতে ১০.০০০ লক্ষ (দশ লক্ষ) টাকাসহ সর্বমোট ৮১০.০০ লক্ষ (আট কোটি দশ লক্ষ) টাকা নিম্নে বর্ণিত ০৩ নং অনুচ্ছেদের বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য ৪৪টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত 'বাস্তবায়ন পদ্ধতি' ও ৫ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তাবলী এবং প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এক নজরে পাট উৎপাদন প্রণোদনা কর্মসূচি/২০২২-২৩

| | |
|---|---|
| কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা) | ৪০০০০০ |
| উপকারভোগী কৃষকের সংখ্যা | ৪০০০০০ |

**উপকরণ ও আর্থিক ব্যয়**

| ক্রমিক নং | উপকরণ | উপকরণের পরিমান (মে.টন) | আর্থিক ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ১ | বীজ | ৪০০.০০ | ৮০০.০০ |
| ২ | অন্যান্য | | ১০.০০ |
| ৩ | সর্বমোট | | ৮১০.০০ |

**জনপ্রতি উপকরণ ও আর্থিক সহায়তা**

| ক্রমিক নং | উপকরণ/খাত | আউশ (১বিঘা জমির জন্য) | | |
|---|---|---|---|---|
| | | বিঘা প্রতি উপকরণ সহায়তা | একক | বিঘা প্রতি আর্থিক সহায়তা (লক্ষ টাকা) |
| ১ | বীজ | ১ | কেজি | ২০০.০০ |
| ২ | পরিবহন ব্যয় | ১ | কেজি | ১.৫০ |
| ৩ | আনুষজ্ঞিক | ১ | টাকা | ১.০০ |
| | মোট | | | ২০২.৫০ |

চলমান পাতা-২

০৩। খরিপ-১/২০২২-২৩ অর্থবছরের ২০২৩-২৪ মৌসুমে পাট উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ প্রদানের জন্য জেলা ও অর্থনৈতিক কোড অনুযায়ী আর্থিক ব্যয় বিভাজন বিবরণী তৈরি করা হয়েছে। জেলা ও অর্থনৈতিক কোড অনুযায়ী আর্থিক ব্যয় বিভাজন বিবরণী নিম্নে দেওয়া হলো :

| নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা | উপকরণের পরিমাণ (মে.টন) | উপকরণের ব্যয় | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | বীজ | পরিবহন ব্যয় | আনুসঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | ঢাকা | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ২ | নরসিংদী | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৩ | মুন্সীগঞ্জ | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৪ | মানিকগঞ্জ | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৫ | টাঙ্গাইল | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ৬ | কিশোরগঞ্জ | ৮০০০ | ৮.০০ | ১৬.০০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ১৬.২০০ |
| ৭ | ময়মনসিংহ | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৮ | জামালপুর | ১৮০০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৩৬.৪৫০ |
| ৯ | শেরপুর | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ১০ | নেত্রকোনা | ৪০০০ | ৪.০০ | ৮.০০ | ০.০৬০ | ০.০৪০ | ০.১০০ | ৮.১০০ |
| ১১ | চাদপুর | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ১২ | বি.বাড়িয়া | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ১৩ | রাজশাহী | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ১৪ | নওগাঁ | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ১৫ | নাটোর | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ১৬ | চাঁপাই নবাবগঞ্জ | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ১৭ | বগুড়া | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ১৮ | জয়পুরহাট | ৩০০০ | ৩.০০ | ৬.০০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৬.০৭৫ |
| ১৯ | পাবনা | ১৮০০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৩৬.৪৫০ |
| ২০ | সিরাজগঞ্জ | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ২১ | রংপুর | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ২২ | গাইবান্ধা | ১৪০০০ | ১৪.০০ | ২৮.০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ২৮.৩৫০ |
| ২৩ | কুড়িগ্রাম | ১৪০০০ | ১৪.০০ | ২৮.০০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ২৮.৩৫০ |
| ২৪ | লালমনিরহাট | ৩০০০ | ৩.০০ | ৬.০০ | ০.০৪৫ | ০.০৩০ | ০.০৭৫ | ৬.০৭৫ |
| ২৫ | নীলফামারী | ৬০০০ | ৬.০০ | ১২.০০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ১২.১৫০ |
| ২৬ | দিনাজপুর | ৪০০০ | ৪.০০ | ৮.০০ | ০.০৬০ | ০.০৪০ | ০.১০০ | ৮.১০০ |
| ২৭ | ঠাকুরগাঁও | ৬০০০ | ৬.০০ | ১২.০০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ১২.১৫০ |
| ২৮ | পঞ্চগড় | ৭০০০ | ৭.০০ | ১৪.০০ | ০.১০৫ | ০.০৭০ | ০.১৭৫ | ১৪.১৭৫ |
| ২৯ | যশোর | ২০০০০ | ২০.০০ | ৪০.০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ৪০.৫০০ |
| ৩০ | ঝিনাইদহ | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ৩১ | মাগুড়া | ২০০০০ | ২০.০০ | ৪০.০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ৪০.৫০০ |
| ৩২ | কুষ্টিয়া | ২০০০০ | ২০.০০ | ৪০.০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ৪০.৫০০ |
| ৩৩ | চুয়াডাঙ্গা | ১৫০০০ | ১৫.০০ | ৩০.০০ | ০.২২৫ | ০.১৫০ | ০.৩৭৫ | ৩০.৩৭৫ |
| ৩৪ | মেহেরপুর | ১২০০০ | ১২.০০ | ২৪.০০ | ০.১৮০ | ০.১২০ | ০.৩০০ | ২৪.৩০০ |
| ৩৫ | খুলনা | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৩৬ | বাগেরহাট | ২০০০ | ২.০০ | ৪.০০ | ০.০৩০ | ০.০২০ | ০.০৫০ | ৪.০৫০ |
| ৩৭ | সাতক্ষীরা | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| ৩৮ | নড়াইল | ১৮০০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৩৬.৪৫০ |
| ৩৯ | বরিশাল | ৪০০০ | ৪.০০ | ৮.০০ | ০.০৬০ | ০.০৪০ | ০.১০০ | ৮.১০০ |
| ৪০ | ফরিদপুর | ২০০০০ | ২০.০০ | ৪০.০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ৪০.৫০০ |
| ৪১ | মাদারিপুর | ১৮০০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৩৬.৪৫০ |

| নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা | উপকরণের পরিমাণ (মে.টন) | উপকরণের ব্যয় | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | বীজ | পরিবহন ব্যয় | আনুসঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ৪২ | গোপালগঞ্জ | ১৮০০০ | ১৮.০০ | ৩৬.০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৩৬.৪৫০ |
| ৪৩ | রাজবাড়ী | ১৬০০০ | ১৬.০০ | ৩২.০০ | ০.২৪০ | ০.১৬০ | ০.৪০০ | ৩২.৪০০ |
| ৪৪ | শরিয়তপুর | ১০০০০ | ১০.০০ | ২০.০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২০.২৫০ |
| | সর্বমোট | ৪০০০০০ | ৪০০.০০ | ৮০০.০০ | ৬.০০০ | ৪.০০০ | ১০.০০০ | ৮১০.০০০ |

**** পরিবহন ব্যয় বাবদ কেজি প্রতি ৩.০০ টাকার স্থলে কমিয়ে কেজি প্রতি ১.৫০ টাকা ধরে হিসাব করা হয়েছে।**

০৪। ২০২২-২৩ অর্থ বছরে খরিপ/২০২৩-২৪ মৌসুমে পাট ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ বিতরণ কর্মসূচির **বাস্তবায়ন পদ্ধতি, 'কৃষক তথ্য ছক'** মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

**০৫। কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে! কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি পাট চাষে আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত করানোর পর অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত উপকরণ নির্বাচিত কৃষক পরিবারের মাঝে বিতরণ করা হবে;

৪. এ কর্মসূচির আওতায় আবাদকৃত পাট চাষ, নির্বাচিত কৃষকের স্বাভাবিক তোষা জাতের পাট চাষের অতিরিক্ত হতে হবে;

৫. কৃষি প্রণোদনা কার্যক্রম (বীজ সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে কৃষক নির্বাচন অগ্রাধিকার তালিকা প্রস্তুত ও অনুমোদন, কার্যক্রমে বরাদ্দকৃত অর্থের মধ্যে জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়ন পদ্ধতি এবং সরকারী আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়িত হবে;

৬. কর্মসূচি প্রাপ্তির পর জেলা কৃষি পুনর্বাসন কমিটি যথাসম্ভব দ্রুত উপজেলাওয়ারী বিভাজন করে তদঅনুযায়ী বরাদ্দকৃত অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহি অফিসারের অনুকূলে ছাড় করবেন;

৭. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ১.০ কেজি (তোষাপাট-৮, রবি-১) জাতের পাট বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১ বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৮. কৃষকদের সুবিধার্থে কর্মসূচি উপকরণ (১ কেজি পাট বীজ) ব্লক/ইউনিয়ন থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৯. উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চুড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরন করে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে তাঁর সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd/ moa.input2 @gmail.Com ই-মেইলে প্রেরণ করতে হবে এবং পাশাপাশি এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এ বিষয়টি নিশ্চিতের ব্যবস্থা করবেন;

১০. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

১১. এ কর্মসূচির আওতায় বিজেআরআই তোষাপাট-৮ (রবি-১) জাতের পাট বীজ বিএডিসি এর নিকট হতে ক্রয় করতে হবে;

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব (উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার) এর অফিসে সংরক্ষিত থাকবে;

চলমান পাতা-৪

১৩. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন ০১ (এক) কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১৪. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে; এবং

১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/
আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৮১

তারিখ : ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

স্বাঃ/
আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
মোবাইল ০১৮৫৬৩৪৩৩৩৬

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৯.২১.৮১

তারিখ : ২৪ মাঘ ১৪২৯ / ০৭ ফেব্রুয়ারি ২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-৫

৬. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৪টি জেলা)।
৮. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৪টি জেলা)।
১৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৫. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৪৪ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচাক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৭. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭/০৪/২০২৩

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
E-mail input2@moa.gov.bd/moa.input2@gmail.com